

সারাদেশ

নরসিংদীতে মাদকসেবীকে ১০ মাসের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত

প্রতিবেদক: নরসিংদী প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৪৪ PM



নরসিংদীর মনোহরদীতে মাদক সেবনের অভিযোগে সুমন আহমেদ নামে এক যুবককে ১০ মাসের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

সোমবার (১৪ সেপ্টেম্বর) দুপুরে মনোহরদী থানার সহকারী উপ-পরিদর্শক (এএসআই) সোহানুর রহমান সঙ্গীয় পুলিশ নিয়ে উপজেলার চালাকচর ইউনিয়নের হাফিজপুর এলাকায় মাদকবিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করে।

পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাকে ১০ মাসের কারাদণ্ড দেন উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. সজিব মিয়া।

দণ্ডপ্রাপ্ত সুমন চালাকচর ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ডের সদস্য হোসাইন আহম্মদ কুলির পুত্র।

পুলিশ জানায়, অভিযানের সময় মাদক সেবনরত অবস্থায় সুমন আহমেদ উশ্খল আচরণ করে। এসময় তার দেহ তল্লাশি করে এক পুরিয়া

গাঁজা পাওয়া যায়। পরে তাকে ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হলে ১০ মাসের কারাদণ্ড দেওয়া হয়।

মনোহরদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহাঙ্গীর বাদশা জানান, দণ্ডপ্রাপ্তকে আগামীকাল মঙ্গলবার আদালতে পাঠানো হবে।

মনোহরদী উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও এল্লিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সজিব মিয়া বলেন, মাদকের বিরুদ্ধে উপজেলা প্রশাসন জিরো টলারেন্স। আমাদের এ ধরনের অভিযান আগামীতেও অব্যাহত থাকবে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ঐমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গ...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক ঘো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/nrsingdlite-madksebike-10-maser-karadnd-diyechhen-bhramjman-adalt>